

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর  
(জুডিশিয়াল মুন্সিখানা)  
[www.rangpur.gov.bd](http://www.rangpur.gov.bd)


নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১১.০১৩.২৪.৯৫০

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১  
২৭ আগস্ট ২০২৪

### গণবিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০১১-৩৩০ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে বিগত ০৬ জানুয়ারী ২০০৯ হতে ০৫ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত রংপুর জেলা ম্যাজিস্ট্রেসি হতে যে সমস্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক ও অসামরিক কর্মকর্তা ব্যতীত) বেসামরিক জনগণকে প্রদান করা হয়েছে তাদের প্রদানকৃত লাইসেন্স স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সের বিপরীতে ক্রয়কৃত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


  
(মোহা: শাহিনাজ বেগম)  
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)  
রংপুর  
ফোন: ০২৫৮৯৯৬১০৪১ (অফিস)

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৯.১১.০১৩.২৪. ৯৫০

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১  
২৭ আগস্ট ২০২৪

অনুলিপি:- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩. পুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর।
৪. পুলিশ সুপার, রংপুর।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), রংপুর (তার অধিক্ষেত্রাধীন সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ)।
৮. সিনিয়র জেলা তথ্য অফিসার, রংপুর; বিজ্ঞপ্তি জেলার সর্বত্র মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৯. প্রোগ্রামার, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, রংপুর (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিসার ইনচার্জ,..... (সকল) থানা, রংপুর।(বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১. সভাপতি, প্রেসক্লাব, রংপুর।
১২. সম্পাদক, দৈনিক ..... পত্রিকা, রংপুর; বিজ্ঞপ্তি তার পত্রিকায় জনস্বার্থে বিনামূল্যে সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ।
১৩. অফিস কপি।

  
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)  
রংপুর